


সিলেট ইন্ডাস্ট্রিয়াল

JUN. 13 2002



সিলেটে এইচএসসি পরীক্ষা

দুই ধরনের প্রশ্নের

উত্তরই মূল্যায়ন

করা হবে

সিলেট অফিসে ১১/৬/০২ তারিখের সিলেট শিক্ষা বোর্ডের এইচএসসি সমাজ-কল্যাণ প্রথম পত্রের পরীক্ষায় দুই ধরনের প্রশ্নপত্র বিলি করা

হয়েছে। প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠার প্রশ্নগুলো এক হলেও দ্বিতীয় পৃষ্ঠার প্রশ্নগুলো ছিলো দুই ধরনের। এই ঘটনায় পরীক্ষার্থী ও অভিভাবক মহলে উদ্বেগ সৃষ্টি হয়েছে।

সিলেট শিক্ষা বোর্ড সূত্রে জানিয়েছে, তাদের ধারণা বিজি প্রেসই প্রশ্নপত্র ছাপানোর সময় এই ভুল করেছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (১০ম পৃঃ ডঃ)

সিলেটে এইচএসসি

(৭ম পৃঃ পর)

দুঃখ প্রকাশ করে বলেছেন, এতে পরীক্ষার্থীরা কোনভাবে ক্ষতিগ্রস্ত হবে না। তারা প্রশ্নের যে অংশ থেকেই উত্তর করুক না কেন তাপেরকে যথাযথ মূল্যায়ন করা হবে।

যে ধরনের ভুল ছিল

দ্বিতীয় পৃষ্ঠার ৪০ নম্বরের প্রশ্ন ছিল দুই ধরনের। একটি প্রশ্নের দ্বিতীয় পৃষ্ঠার সম্পূর্ণ অংশটুকুই সিলেবাস বহির্ভূত। সমাজকল্যাণ প্রথম পত্রের সিলেবাসের সাথে ঐ প্রশ্নগুলোর কোন মিল নেই। অনেকের ধারণা, প্রশ্নের ঐ অংশটুকু সমাজবিজ্ঞান বিষয়ের। ইতিপূর্বে সিলেট শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ইংরেজী প্রশ্নপত্রেও ভুল ধরা পড়েছিল।